

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 30-09-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দ্রুত পরিবর্তনশীল কর্ম প্রকৃতি এবং অন্যান্য ক্ষেত্রের মধ্যে গেইমিং, এলিমেশন ও ফিল্ম মেইকিং ক্ষেত্রে ক্রমবর্ধমান সুযোগের উপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১১৪ তম পর্বে প্রধানমন্ত্রী ভারতের সৃজনশীল প্রতিভার প্রভৃতি সম্ভাবনার কথা উল্লেখ করে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ব্যবস্থাপনায় ক্রিয়েট ইন ইন্ডিয়া বিষয়ে ২৫ টি চ্যালেঞ্জ-এর মোকাবিলায় এগিয়ে আসার জন্য উত্তোলকদের আহ্বান জানিয়েছেন। এই চ্যালেঞ্জ মোকাবিলায় তিনি উত্তোলকদের [wavesindia.org](http://wavesindia.org) এই ওয়েব সাইটটি দেখতে বলেছেন।

\*\*\*\*\*

**Maan ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, ভারত উৎপাদনের ক্ষেত্রে শক্তিকেন্দ্র পরিনত হয়েছে। 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগের জন্যই এই সাফল্য। গতকাল 'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী স্বচ্ছ ভারত কর্মসূচির সাফল্য উল্লেখ করে বলেন, আগামী মাসে এই কর্মসূচি ১০ বছরে পদার্পণ করবে। "এক পেড় মা কে নাম"

কর্মসূচিতে জনগনকে যোগদান করার জন্যও প্রধানমন্ত্রী উদ্বৃদ্ধ  
করেন। জল সংরক্ষনের উপরেও তিনি গুরুত্ব আরোপ করেছেন।

\*\*\*\*\*

#### **100 days NDA:**

কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব জানিয়েছেন নতুন  
সরকারের প্রথম ১০০ দিনের মধ্যে পরম্পরাগত ভারতীয় চিকিৎসা  
পদ্ধতির প্রচার-প্রসার এবং আন্তর্জাতিক সহযোগিতা আয়ুষকে  
শক্তিশালী করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। তিনি  
বলেন, “আয়ুষ মন্ত্রক আয়ুর্ব্বান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য  
যোজনার অধীনে আয়ুর্বেদিক চিকিৎসা প্যাকেজগুলিকে অন্তর্ভুক্ত  
করার জন্য সম্প্রতি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে  
আয়ুষ চিকিৎসাকে মূলধারার স্বাস্থ্যসেবার সাথে অন্তর্ভুক্ত করতে  
১৭০টি আয়ুর্বেদিক চিকিৎসার প্যাকেজ চূড়ান্ত করা হয়েছে। তিনি  
বলেন, কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক বর্তমান সরকারের প্রথম ১০০  
দিনের মধ্যে বৃদ্ধ নাগরিকদের জন্য দশ হাজার স্বাস্থ্য ও পরিচর্যা  
শিবির আয়োজন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়। বাস্তবে সেই  
লক্ষ্যমাত্রা অতিক্রম করে সারা দেশে ১৪,৬৯২ টি আয়ুষ স্বাস্থ্য  
শিবিরের আয়োজন করা হয়।

\*\*\*\*\*

#### **CM-Meeting:**

রাজ্যের আইন-শৃঙ্খলা সুদৃঢ় করা এবং সাম্প্রতিককালে সংগঠিত  
চাঁদা সংক্রান্ত কিছু বিষয় নিয়ে আজ পুলিশের আধিকারিকদের  
সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

এদিকে, পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানান সবগুলি ক্লাবকেই সতর্ক করা হয়েছে। চাঁদা আদায়ের জন্য কোন রকম জুলুমবাজী হলে পুলিশ কঠোর ব্যবস্থা নেবে। তিনি আরো জানান, আজ জেলার সমস্ত ক্লাবগুলিকে নিয়ে এক সভার আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী পূজার চাঁদা নিয়ে কোন ধরণের জুলুমবাজীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন বলে তিনি জানান। পুলিশ সুপার জানিয়েছেন, এবছর পশ্চিম জেলায় ৯০০টি দুর্গাপূজা হবে বলে আশা করা হচ্ছে। দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে পশ্চিম জেলায় তিন হাজার টি এস আর এবং জেলাপুলিশ মোতায়ন করা হবে। আগরতলায় ২৫৩টি ফিল্ড পিকেট, ৩০টি সিসিটিভি, ৬০টি পুলিশ এসিস্ট্যান্ট বুথ ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান। পশ্চিম জেলাশাসক বিশাল কুমার দুর্গাপূজা সুন্দর এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

\*\*\*\*\*

#### Pension Scheme:

নতুন পেনশন স্কিম ও জাতীয় শিক্ষানীতি বাতিল করা, অনিয়মিত কর্মচারীদের নিয়মিত করা, বিভিন্ন সরকারি দপ্তরের শূন্য পদ পূরণ করা সহ ১০ দফা জাতীয় ও ১৪ দফা রাজ্য দাবিতে গতকাল গন অবস্থান করে ত্রিপুরা কর্মচারী সমন্বয় কমিটি (এইচ বি রোড)। আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে এই গণঅবস্থান অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### GANJA DESTROYED :

কল্যাণপুর থানার ওসি তাপস মালাকার এবং মহকুমা পুলিশ  
আধিকারিক পান্নালাল সেন এর নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী  
গতকাল পশ্চিম কুণ্ডবন এডিসি ভিলেজের প্রত্যন্ত গোলাপ  
ঠাকুর পাড়া গ্রামের চারটি জমির প্রায় তিন একর গাঁজা বাগান  
কেঁটে ধ্বংস করে। ওসি জানান এই ধরণের নেশা বিরোধী  
অভিযান ক্রমান্বয়ে চলবে।

\*\*\*\*\*

#### **Swachhhata Hi Seva :**

আগরতলা পুর নিগমের ২৮ নম্বর ওয়ার্ডের উদ্যোগে গতকাল  
স্বোচ্ছতা হি সেবা ক্রমসূচির অঙ্গ হিসেবে এক সচেতনতামূলক  
রেলি অনুষ্ঠিত হয়। কর্পোরেটর নন্দ দুলাল দেবনাথ এই কর্মসূচির  
উদ্বোধন করেন।

\*\*\*\*\*

#### **CHANDRA SMRITI :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম  
ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের দ্বিতীয় খেলায়  
লালবাহাদুর ব্যায়মাগার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি  
স্টেডিয়ামে গতরাতে নেশালোকে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর  
ব্যায়মাগার ৪-৩ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ সাধারণত  
মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ সহ হালকা  
থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা  
সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি

থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রী  
সেলসিয়াস | এছাড়া, পশ্চিম ত্রিপুরা ও সিপাহীজলা জেলায়  
ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর |

\*\*\*\*\*

\*\*\*\*\*













